শৈলকুপায় অনলাইন ব্যবসার নামে অর্থ হাতিয়ে নেওয়ার অভিযোগ

ঝিনাইদহের শৈলকুপার হাদী মেম্বর নামে এক ব্যক্তির বিরুদ্ধে অর্থ হাতিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে। তিনি উপজেলার হাটফাজিলপুর এলাকার বাসিন্দা । তিনি অন ফ্যাসিভ মার্কেটিং অনলাইন ব্যবসার মাধ্যমে অধিক মুনাফার লোভ দেখিয়ে গ্রাহকের কোটি কোটি টাকা বিনিয়োগে উদ্বুদ্ধ করে আসছে। অন লাইন ব্যবসার নামে অল্প সময়ে অধিক মুনাফা অর্জনের লোভ দেখিয়ে অভিনব ফাদ পেতে এ ব্যবসা চালিয়ে যাচ্ছে। অনলাইন ব্যবসার কোন শর্তই না মেনে এভাবে ব্যবসা করে আসছে। গ্রাহকদের কাছ থেকে ১০০০০ হাজার করে টাকা নিয়ে মাসে ৮০০০০ হাজার টাকার প্রলোভন দেখিয়ে লক্ষ লক্ষ টাকা হাতিয়ে নিচ্ছে। বর্তমান তার গ্রাহক সংখ্যা ১০০০ হাজারের বেলী।

জানা যায়, শৈলকুপার হাটফাজিলপুর গ্রামের হাদি মেম্বর নামে এক ব্যক্তি দীর্ঘদিন ধরে গ্রাহকদের সাথে প্রতারণা করে আসছে। ইতিমধ্যে ঝিনাইদহ জেলার বিভিন্ন শ্রেণীপেশার মানুষের কোটি কোটি টাকা বিনিয়োগ করতে বাধ্য করছে। দেখা যায়, অন ফ্যাসিভ নামে এ অন লাইন ব্যবসার বৈধ কাগজপত্র নেই । সরকারের কোন সংস্থা থেকে অনুমতি নেওয়া হয়নি। অতি স্বত্তর হাদি মেম্বরকে গ্রেফতার করে আইনের আওতায় আনার দাবী জানিয়েছেন ভ’ক্তভ’গী গ্রাহকরা।

নাম না প্রকাশ করার শর্তে একজন গ্রাহক বলেন, হাদি মেম্বরের খপ্পরে পড়ে আমি এ ব্যবসায় নেমেছি এখন দেখছি এব্যবসার নামে প্রতারণা ছাড়া আর কিছু না। কবে যে ইভ্যালির মত অবস্থা না হয় তাই ভাবছি।
এব্যাপারে হাদি মেম্বর বলেন, এটি একটি লাভজনক ব্যবসা। একটু ঝুকি থাকলেও এ ব্যবসায় বিনিয়োগ করলে অধিক লাভবান হওয়া যায়। এতে বিনিয়োগ করলে এক সময় প্রতিজন গ্রাহক ৪২ তলা বাড়ির মালিক হবে।দেশে কোন গ্রাহক গরীব থাকবে না। আমরা গ্রাহক প্রতি ১০০০০ হাজার টাকা করে নিচ্ছি। বর্তমান আমার গ্রাহক আছে ১০০০ মত।

শৈলকুপা থানার ওসি রফিকুল ইসলাম বলেন,অভিযোগ পেলে আমরা বিষয়টি খতিয়ে দেখবো। উপজেলা নির্বাহী অফিসার কানিজ ফাতেমা লিজা বলেন,অন প্যাসিভ মার্কেটিং নামে এই অন লাইন ব্যবসার নামে টাকা হাতিয়ে নেওয়ার ঘটনা আমার জানা নেই। একজন ব্যক্তি যথাযথ কর্তৃপক্ষের

অনুমোদন ব্যতিত এরকম ব্যবসা করতে পারে না।

জেহালা ইউপি নির্বাচনে আ.লীগ মনোনীত চেয়ারম্যান প্রার্থী হান্নানের মনোনয়নপত্র জমা

আলমডাঙ্গার জেহালা ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের দলীয় নৌকা প্রতিকের মনোনীত চেয়ারম্যান প্রার্থী হাসানুজ্জামান হান্নান মনোনয়ন পত্র জমা দিয়েছেন। রোববার দুপুরে উপজেলা নির্বাচন অফিসে তার মনোনয়নপত্র জমাদান করেন।

এরপূর্বে দলীয় নেতাকর্মীদের নিয়ে নৌকা প্রতিকের প্রার্থী হাসান উজ্জামান হান্নান নির্বাচন অফিসে উপস্থিত হয়। পরে তিনি ভাংরাড়িয়া, কুমারী ও জেহালা ইউনিয়নের রিটানিং অফিসার ও উপজেলা নির্বাচন কর্মকর্তা এমএজি মোস্তফা ফেরদৌসের নিকট মনোনয়নপত্র জমা দেন।

এ সময় উপস্থিত ছিলেন প্রবীন আওয়ামী লীগ নেতা নজরুল ইসলাম জোয়ার্দ্দার সোনা মিয়া, জেহালা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক আব্দুল হান্নান মাস্টার, ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি হেলাল উদ্দিন, ফজলুল হক, ইসলাম উদ্দিন, আনছার আলী মাষ্টার, আওয়ামী লীগ নেতা লিটন চৌধুরী, আঃ আজিজ, মতিয়ার রহমান, জাহান আলী, লাবলু চৌধুরী প্রমুখ।

একদিনের সংক্ষিপ্ত সফরে

মেহেরপুর আসছেন দুই প্রতিমন্ত্রী

একদিনের সংক্ষিপ্ত সফরে মেহেরপুর আসছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এবং তথ্য ও প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক

সোমবার সকালে হেলিকপ্টারযোগে প্রতিমন্ত্রীদ্বয় মেহেরপুরে এসে পৌঁছাবেন। সকাল ১০ টায় মেহেরপুর যুব উন্নয়ন অধিদপ্তর সংলগ্ন স্থানে শেখ কামাল আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে যোগদান করবেন।

জীবননগরে নদীতে বাঁধ নির্মাণ করে মাছ চাষ-জনসাধারণের প্রবেশ নিষেধ

জীবননগর উপজেলার করতোয়া নদীতে বাঁধ দিয়ে মাছ চাষ শুরু করেছেন বাকা ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান রবিউল ইসলাম ও তার অনুসারীরা। করতোয়া নদীটি দীর্ঘদিন অবহেলায় বিলিন হয়ে যাওয়ার মত পড়ে ছিল কিন্তু বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগে মরা করতোয়া নদী আবারও পুনঃখনন করে সাধারন মানুষের জন্য উন্মুক্ত করে দেওয়ার ঘোষনা দেন । এদিকে করতোয়া নদী খনন কাজ শেষ হতে না হতেই করতোয়া নদীর দিকে নজর পড়েছে দখলদারদের।

এই নদীতে এলাকার মানুষ গোসল করা, মাছ ধরা থেকে শুরু করে নানা কাজে ব্যবহার করেন। সেই নদীতে হঠাৎ করে বাকা ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান রবিউল ইসলাম ও স্থানীয় ক্ষমতাশীন দলের বেশ কিছু প্রভাবশালী বাঁধ দিয়ে মাছ চাষ শুরু করেছেন। জীবননগর উপজেলার

জানান।

শৈলকুপায় ফার্মেসিতে ভ্রাম্যমান আদালতের অভিযান, জরিমানা আদায়

ঝিনাইদহের শৈলকুপায় ঔষধের দোকানে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয়েছে। রবিবার সন্ধ্যায় উপজেলার পশু হাসপাতাল এলাকা, বৈকালিন দুধ বাজার, কবিরপুর খাদ্য গুদাম এলাকার ৫টি দোকানে ভ্রাম্যমান আদালত পরিচালনা করে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিট্রেট কানিজ ফাতেমা লিজা।

এসময় উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মো: মামুন খান, শৈলকুপা থানার সাব ইন্সপেক্টর গিয়াস উদ্দীন সহ পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন।

ইউএনও কানিজ ফাতেমা লিজা বলেন,মেয়াদ উওীর্ণ ঔষধ রাখার দায়ে রাহেলা ফার্মেসী,শাহিন ফার্মেসী,তাসলীমা ফার্মেসী,রুসাত ফার্মেসী ও সাহা মেডিকেলে অভিযান পরিচালনা করা হয়। এসময় প্রত্যেককে ২ হাজার টাকা করে জরিমানা আদায় করা হয়। পরিবর্তিতে উপজেলা প্রসাশনের এ অভিযান অব্যাহত থাকবে।

কোটচাঁদপুরে পুলিশের ওপেন হাউজ ডে অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে পুলিশের ওপেন হাউজ ডে অনুষ্ঠিত হয়েছে। রবিবার বিকালে কোটচাঁদপুর মডেল থানার আয়োজনে এই ওপেন হাউজ ডে

অনুষ্ঠিত হয়।

“পুলিশই জনতা জনতাই পুলিশ” এই প্রতিপাদ্য নিয়ে ওপেন হাউজ ডে অনুষ্ঠানে পারিবারিক সহিংসতা, ইভটিজিং, বাল্যবিবাহ, আত্মহত্যা, নারী ও শিশু নির্যাতন নিয়ে আলোচনা করা হয়।

থানার অফিসার ইনচার্জ মোঃ মঈন উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোঃ মোহাইমিনুল ইসলাম। বিশেষ অতিথি উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, পৌর ফাঁড়ি ইনচার্জ আক্তারুজ্জামান লিটন, পৌর প্যানেল মেয়র শেখ সোহেল আরমান।

সেকেন্ড অফিসার এসআই আব্দুল মান্নানের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন, পৌর কাউন্সিলর জাহিদ হোসেন, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন, ইমাম সমিতির সভাপতি হাফেজ রবিউল ইসলাম, ব্যবসায়ী দেলোয়ার হোসেন প্রমূখ। এসময় রাজনৈতিক, সামাজিক, সাংবাদিক ও নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় শীতকালীন সার, বীজ ও কৃষিযন্ত্র বিতরণ

আলমডাঙ্গায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে ২০২১-২০২২ অর্থ বছরে রবি ২০২১-২০২২ মৌসুমে গম, ভূট্টা, সরিষা, শীতকালীন পেঁয়াজ ও মসুর ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণের লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচি পালন করা হয়।

এছাড়াও “সমন্ধিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ ” প্রকল্পের আওতায় চলতি আমন মৌসুমে উন্নয়ন সহায়তার আওতায় কম্বাইন হারভেস্টার, রিপার ও মেইজ শেলার যন্ত্র বিতরণ কাজের উদ্বোধন করে এমপি-ছেলুন জোয়াদ্দার। গতকাল রবিবার সকাল ১১ টার দিকে আলমডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অফিস প্রাঙ্গণে এ প্রণোদনা ও যান্ত্রিকীকরণ সামগ্রী বিতরণ করেন।

অনুষ্ঠানে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ১ আসনের এমপি সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন।

প্রধান অতিথির বক্তব্যে এমপি ছেলুন বলেন, বর্তমান দেশের মানুষ না খেয়ে থাকতে হয় না। সরকার করোনাকালীন সময়ে কৃষি খাতে প্রণোদনার মাধ্যমে কৃষি উন্নয়ে অগ্রগতি ভুমিকা পালন করেছে।

তিনি আরো বলেন, সরকার বিভিন্ন উন্নয়ন মূলক মেগা প্রকল্পের মাধ্যমে দেশের চিত্র পরিবর্তন করে দিয়েছে। পদ্ম সেতু ও কর্ণফুলী টানেল নির্মাণের মাধ্যমে দেশের সড়ক ও যোগাযোগব্যবস্থা উন্নতি করণের পথে।এছাড়াও কৃষি প্রণোদনা ও যান্ত্রিকীকরণ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে মূল প্রবন্ধক হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা হোসেন শহীদ সরোওয়ার্দী।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক লিটু বিশ্বাস, ভাইসচেয়ারম্যান সালমুন আহমেদ ডন, মহিলা ভাইসচেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুব আলি মাস্টার, আলমডাঙ্গা উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি, মৎস্য কর্মকর্তা কামরুন্নাহার আখি, তথ্য আপা মহিলা কর্মকর্তা স্নিগ্ধা দাস, উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ, কুমারি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবু সাইদ পিন্টু, নাগদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কালাম হোসেন, উপজেলা আওয়ামীলীগের প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, পাইলট স্কুলের প্রধান শিক্ষক রবিউল ইসলাম, বেলগাছি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি সমীর কুমার দে প্রমূখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা

হরিনাকুন্ডুতে পানিতে ডুবে এক

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (a) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] a [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] a [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

মেহেরপুরে ছেলের বিরুদ্ধে মায়ের মামলা

মেহেরপুরে সন্তান ও নাতীর অত্যাচার ও নির্যাতনের প্রতিকার ও জীবনের নিরাপত্তা চেয়ে নাজেরা বেগম নামের এক বৃদ্ধা নারী আদালতে মামলা করেছেন। আজ রবিবার (৩১অক্টোবর) মেহেরপুর জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতে জ্যেষ্ঠপুত্র সামসুল আলম পিন্টু ও নাতি (বড় ছেলের সন্তান) সালেহিন আলম অংকুরের নামে মামলাটি দাখিল করেন। সিআর মামলা নং ৩৮৪। ভুক্তভোগী ওই বৃদ্ধা মেহেরপুর শহরের ২নং ওর্য়াডের মৃত আবদুল কুদ্দুসের স্ত্রী।

নাজেরা বেগম তার লিখিত আরজিতে বলেন, আমি একজন বিধবা নারী। আমার জ্যেষ্ঠ পুত্র সামসুল আলম পিন্টু ও সালেহিন আলম অংকুর আমার নিজ সম্পতি বন্দক রেখে রুপালী ব্যাংক মেহেরপুর থেকে ৫ লক্ষ টাকা লোন নেয়। দীর্ঘদিন লোনের টাকা পরিশোধ না করে আমাকে ফেলে অন্যত্র চলে যায়। ব্যাংক লোনের সুদসহ মোট ১০ লক্ষ টাকা পরিশোধ করে আমার জমি রক্ষা করি। এরপর আমার বড় ছেলে ও নাতি কয়েকজন গুন্ডা নিয়ে আমাকে শারীরীক ও মানসিক নির্যাতন করে। পরে গত ২৭/০২/২১ ইং তারিখে মেহেরপুর থানায় একটি সাধারণ ডায়েরী করি। যার নং ১৪৮৭। সাধারণ ডায়েরী করায় তারা বাপ ও বেটা মিলে কয়েক মাস চুপ থাকে। কিন্তু গতকাল শনিবার (৩০ অক্টোবর) পুনরায় হাতুড়ি লোহার রড ও দেশীয় অস্ত্রসহ ১০/১২ জনের একটি সংঘবদ্ধ দল আমার বাড়ি ভাংচুর করে এবং আমাকে হুইল চেয়ার থেকে ছুড়ে ফেলে দেয়। এবং বলে আমার বাড়ির জমি তাদের নামে লিখে দিতে হবে। আমি নিজেকে বাঁচানোর জন্য চিৎকার করলে আমার অন্যান্য সন্তান ও প্রতিবেশিরা এগিয়ে আসলে তাদেরকে জখম করে। স্থানীয়রা আহতেদের উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা হাসপাতালে ভর্তি করে। তবে নামেজরা বেগমের বড় ছেলে পিন্টু বিষয়টি অস্বিকার করে বলেন, আমি টাকা নেবার বিষয়ে কিছুই জানিনা। তবে টাকা নিয়ে ছিল আমার ছেলে। আমি টাকা পরিশোধ করার সময় চেয়েছিলাম তারা আমাকে সেই সময় দেয়নি।

নাজেরা বেগম বলেন, আমার চার ছেলে ও দুই মেয়ে। আমার অন্যান্য ছেলেরা দেখভাল করলেও বড় ছেলে পিন্টু দেখাশোনা ও খোঁজ খবর